আলমডাঙ্গার ১ নং ওয়ার্ডে নৌকার মিছিল ও পথসভা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বিচনে চুয়াডাঙ্গা-১ আসনের প্রার্থী বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের নৌকা প্রতিকের পক্ষে আলমডাঙ্গায় নির্বাচনী পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রোববার সন্ধ্যায় পৌরসভার ১নং ওয়ার্ডের স্টেশন এলাকায় এ পথসভা অনুষ্ঠিত হয়। ১নং ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে অনুষ্ঠিত নৌকা প্রতিকের এ পথসভার পূর্বে বিকেল সাড়ে ৫ টার দিকে একটি নির্বাচনি মিছিল এলাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় বক্তাগণ বলেন,নৌকা হলো উন্নয়ন ও অগ্রগতির প্রতিক। নৌকা বিজয়ী হলেই দেশের উন্নয়ন হয়। আজকে এই ১৫ বছরে আওয়ামীলীগ সরকার দেশে যে উন্নয়ন করেছে,তা আপনাদের কারো অজানা নয়। উন্নয়নের এই ধারা অব্যাহত রাখতে আবারও নৌকায় ভোট দিতে হবে। ছেলুন জোয়ার্দ্দারকে বিজয়ী করে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে।

১নং ওয়ার্ডের কাউন্সিলর উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আলাল উদ্দিনের সভাপতিত্বে বক্তব্য রাখেন ৩ নং ওয়ার্ড কাউন্সিলর ও সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম স্বপন, গাংনী ইউনিয়ন আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক সামসুল ইসলাম সামু, দপ্তর সম্পাদক রিপন, চিৎলা ইউনিয়ন যুবলীগ নেতা টিটু, উপজেলা ছাত্রলীগের দপ্তর সম্পাদক রিমন, প্রচার সম্পাদক আলো, ছাত্রলীগ নেতা শান্ত, জিংকু, সৌরভ, রাজন, পিয়াস, তোতা, দেলোয়ার হোসেন, মামুন, শাহিন প্রমুখ।

গাংনীতে নৌকার পক্ষে কর্মী

সমাবেশ অনুষ্ঠিত

দ্বাদশ সংসদ নির্বাচনে মেহেরপুর-২ (গাংনী) আসনে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী (নৌকা মার্কা) ডাক্তার এএসএম নাজমুল হক সাগরকে বিজয়ী করতে কর্মী সভা করেছে মেহেরপুর জেলা আওয়ামীলীগ।

কর্মী সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি মোঃ সিরাজুল ইসলাম মাস্টার, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর ৭৪ গাংনী ২ আসনের নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর।

এছাড়াও উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা হিসাবউদ্দীনসহ মেহেরপুর জেলা আওয়ামী লীগের নেত্রীবৃন্দ, গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, গাংনী উপজেলা আওয়ামী লীগের নেত্রীবৃন্দ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষক লীগ, শ্রমিক লীগ, ছাত্র লীগ, মহিলা লীগ সহ গাংনী উপজেলার বিভিন্ন এলাকার নেতাকর্মী কর্মী সভায় যোগ দেন ।

নৌকার ভোট কর্মীরা বিভিন্ন এলাকায় থেকে মোটরসাইকেল ও মাইক্রোবাসে অনুষ্ঠানে উপস্থিত হয়। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর ৭৪ গাংনী ২ আসনে নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর কে বিপুল ভোটে জয়লাভ করে আমরা জননেত্রী শেখ হাসিনা কে এমপি হিসাবে উপহার দিয়ে আবারও দেশ পরিচালনর সুযোগ করে দিবো।

এদিকে নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর বলেন আজকে আপনাদের এই জনসমুদ্র দেখে আমি মুগ্ধ হয়েছি তাই আপনরা আগামী ৭ জানুয়ারিতে সবাই নৌকা মার্কায় ভোট দিয়ে জননেত্রী শেখ হাসিনাকে দেশ পরিচালনা করার সুযোগ করে দিবেন।

মুজিবনগরে গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গ্রামের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে সহযোগিতার মাধ্যমে সাধারণ মানুষকে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে।গড়ে ওঠে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। গ্রামের সাধারণ জনগোষ্ঠীর নিজেদের টাকার সঞ্চয় দিয়ে তিল তিল করে গড়ে ওঠা মুজিবনগর উপজেলার সবথেকে বড় ক্রেডিট ইউনিয়ন গোপালনগর কো- অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এই ক্রেডিট ইউনিয়ন স্বচ্ছতার মাধ্যমে বিভিন্ন স্কিম এর আওতায় তাদের ৩৭৭০ জন সদস্যদেরকে সেবা দিয়ে যাচ্ছে।

সেই ক্রেডিট ইউনিয়ন গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ২৭ তম বার্ষিক সাধারণ সভা -২০২৩ অনুষ্ঠিত হয়েছে শনিবার সকাল সাড়ে দশটার সময় গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন এর অফিস প্রাঙ্গনে এই সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক এর সভাপতিত্বে এবং কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ম্যানেজার মাহফুজ আলম এর সঞ্চালনায়,সাধারণ সভায়, প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার আজগর আলী। প্রধান আলোচক হিসাবে উপস্হিত ছিলেন মেহেরপুর জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা।

বিশেষ অতিথি হিসাবে ছিলেন,মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা উজ্জল কুমার দত্ত, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা জহুরুল ইসলাম,দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব) ,অঞ্চল ডিরেক্টর আরিফ হাসান, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান, গোপালনগর কো-অপারেটিভ ইউনিয়নের সহ-সভাপতি সাফায়েত হোসেন, সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ আবু নাঈম ডালিম, সদস্য ইনসান আলী ও আনিদুল ইসলামসহ গোপালনগর অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারী এবং গোপালনগর ক

অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ৩৩৭০ জন সদস্য ও সদস্যবৃন্দ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের ১৫১৮তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি ১৫১৮তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫১৮তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল । স্বরচিত লেখা পাঠ গোলাম কবীর মুকুল, বনলতা,চিত্ত রঞ্জন সাহা চিতু,আবু নাসিফ খলিল,হুমায়ুন কবীর,শহিদুল ইসলাম,আব্দুল গণি, হোসেন মোহাম্মদ ফারুক,জামাল উদ্দীন বেঙ্গলী,সুমন মালিক,কাজল গুরু,সুমন ইকবাল, এম এ মামুন প্রমুখ।চিরায়ত সাহিত্য থেকে কবিতা পাঠ করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ ।

স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। অনুভূতি ব্যক্ত করেন ডা. হেদায়েত উল্লাহ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

কোটচাঁদপুরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রিজাইডিং,সহকারী প্রিজাইডিং এবং পোলিং অফিসারদের দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর সরকারি কে এম এইচ ডিগ্রি কলেজে এ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মের সভাপতিত্বে প্রধান অতিথির হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। তিনি বলেন কোন প্রার্থীর পক্ষে কাজ করলে চাকরি হারাবেন। এর মধ্যে কোন সন্দেহ নেই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার আজিম-উল-আহসান,জেলা নির্বাচন অফিসার রোকনুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার কোটচাঁদপুর সার্কেল মুন্না বিশ্বাস, মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন, উপজেলা নির্বাচন অফিসার আবদুল আজিজ প্রমুখ।

এ সময় ভোট কেন্দ্রের প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার, শিক্ষক, সাংবাদিক সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে তৃাামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে উপজেলা টাস্কফোর্স কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত

হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রাণী, সহকারী কমিশনার ভুমি নাদির হোসেন শামীম, গাংনী থানার ওসি তদন্ত মনোজ কুমার।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কৃষি অফিসার ইমরান আহমেদ, উপজেলা শিক্ষা অফিসার নাসিরুদ্দিন, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলম হোসেন, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনোয়ার হোসেন পাশা, সাংবাদিক রফিকুল আলম বকুল সহ অনুষ্ঠানে টাস্কফোর্সের সদস্যরা উপস্থিত ছিলেন।

সভার শুরুতে টাস্কফোর্সের সদস্যসচিব উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রাণী তামাক নিয়ন্ত্রণে সরকারের গৃহীত বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন।

এছাড়া তিনি ২০৪০ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর তামাক নির্মুল ও প্রতি বছরে তামাক নিয়ন্ত্রণের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। তিনি তামাকের কারণে শারিরীক, মাসসিক ও অর্থনৈতিক ক্ষতর বিভিন্ন দিক নিয়ে আলোশনা করেন।

হরিণাকুণ্ডুতে নৌকার নির্বাচনী সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু প্রিয়নাথ মাধ্যমিক বিদ্যালয় মাঠে দ্বাদশ

জাতীয় সাংসদ সদস্য নির্বাচনে ঝিনাইদহ-২ আসনের আওয়ামীলীগ মনোনীত প্রার্থীর জয় নিশ্চিত করতে নির্বাচনের করণীয় বিশয়ের বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম এর সভাপতিত্বে ও পৌরসভার মেয়র মোঃ ফারুক হোসেন এর সঞ্চালনায় সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ রবিউল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন পৌর নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক সাবেক মেয়র শাহীনুর রহমান রিন্টু।
এসময় উপস্থিত ছিলেন নির্বাচন পরিচালনা কমিটির সদস্য উপজেলা কৃষক লীগের সভাপতি আব্দুল্লাহ আল বাকী শিলু,উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রাফেদুল হক সুমন, উপজেলা আওয়ামী লীগের নেতা আক্তারুজ্জামান পলাশ, উপজেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক আব্দুল্লাহ মারুফ, প্যানেল মেয়র সিদ্দীকুর রহমান।

এছাড়াও পৌর কাউন্সিলর সাইফুল ইসলাম, হাসেম আলী, রেজাউল ইসলাম, আবু আসাদ রুনু, বাবুল আক্তার, নিখিল হালদার, সংরক্ষিত মহিলা কাউন্সিলর সায়েরা খাতুন, নারগীস পারভীন, সম্পা খাতুন, পৌর যুবলীগের সাধারণ সম্পাদক আবু সাইদ টুনু, পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক হোসাইন আলী, লালনশাহ কলেজ ছাত্রলীগের সভাপতি শিমুল রেজা, সাধারণ সম্পাদক রানা মিয়াসহ পৌর আওয়ামী লীগের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য নেতৃবৃব্দ।

সভায় বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী তাহজিব আলম সিদ্দিকী সমি’র (নৌকা) প্রতীকের জয় নিশ্চিত করতে বিভিন্ন কৌশল নিয়ে আলোচনা করা হয়।

মেহেরপুরের বারাদীতে ওয়াচ

[redacted]

‘‘[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদায় এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এনজিও বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান। উক্ত অনুষ্ঠানে আগত এনজিও প্রতিনিধিরা তাদের মাসিক কার্যক্রম তুলে ধরেন। জনসচেতনতা মুলক ও সেবার মান বৃদ্ধি, বাল্য বিবাহ বন্ধ, পশু পাখি পালন, গরু মোটাতাজা করন, কৃষি, সেচ, গবর সার ব্যবহার, বিষমুক্ত সবজী চাষ, শিক্ষা উপবৃত্তি, ক্ষুদ্র ঋণ বিতরনের মাধ্যমে দারিদ্র্য বিমোচণ সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

উক্ত অনুষ্ঠানের সভাপতি দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, আপনারা মানবতার সেবায় বেশী বেশী কাজ করবেন, ক্ষুদ্র ঋণ বিতরণের পাশাপাশি চাষাবাদ, খামার ও পশুপালনের জন্য সমাজের মানুষকে বেশি বেশি সচেত করুন এবং তাদের সহায়তা করুন। পাশাপাশি লেখাপড়া ও চিকিৎসা সেবা প্রদান করুন। উপজেলা নির্বাহী অফিসার সকল উন্নয়ন মূলক কাজ নিজে দেখবেন এবং যে কোন এনজিওর উন্নয়ন মূলক কাজের বিষয়ে সার্বক্ষণিক খোঁজ খবর রাখবেন বলে ঘোষণা দেন।

উক্ত অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলার প্রায় অর্ধশত এনজিও-র প্রতিনিধিগন, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে পার্টনার স্কুল পরীক্ষার মূল্যায়ন সভা অনুষ্ঠিত

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির আয়োজনে, পার্টনার স্কুলের পরীক্ষার পর মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকেলে সিডিপির অফিস প্রাঙ্গনে এই মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে এবং সিডিপি এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদের সঞ্চালনায়, মূল্যায়ন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম, (সাবেক) সহকারি প্রধান শিক্ষক আব্দুল হাই।

মূল্যায়ন সভায় অংশীদার বিদ্যালয় সমূহের প্রতিনিধিগণ (প্রধান শিক্ষক/শিক্ষক) এসএমসির সদস্য স্কুলের বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফলের চিত্র, শিক্ষার্থীদের বার্ষিক উপস্থিতির গড় হার, প্রাতিষ্ঠানিক পরীক্ষার ফলাফলের চিত্র/পাবলিক পরীক্ষায় পাশের হার,এসএমসি মিটিং এর সংখ্যা এবং উপস্থিতির হার,অভিভাবক সভার সংখ্যা,শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে অভিভাবকদের সচেতনতা ও সম্পৃক্ততা বৃদ্ধি, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নে স্থানীয় কমিউনিটির ভূমিকা নিয়ে নিজেদের প্রতিষ্ঠানের চিত্র উপস্থাপন করেন।

পরীক্ষার পর মূল্যায়ন সভায় গুডনেইবারর্স এর পার্টনার উপজেলার ১০টি প্রাথমিক বিদ্যালয় এবং ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের ১জন শিক্ষক ও ১জন এসএমসির সদস্য অংশগ্রহণ করে।